



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়

**বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প**

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় স্কাউট ভবন (১৩ তম তলা), ৬০ কাকরাইল, ঢাকা-১০০০

www.jamuka.gov.bd

বিজ্ঞপ্তি নং - ৪৮.০২.০০০০.০১৪.৩১.০১০.২২.৭০

তারিখ: ২১ চৈত্র ১৪২৯  
০৪ এপ্রিল ২০২৩

**“১৯৭১ সালে মুক্তিযুদ্ধে সংঘটিত গণহত্যা বিষয়ক গবেষণা” সম্পাদনের জন্য গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে আগ্রহব্যক্তকরণের অনুরোধ (REOI) সম্বলিত বিজ্ঞপ্তি**

(১)	মন্ত্রণালয় / বিভাগ	:	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
(২)	সংস্থা	:	জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা)
(৩)	আগ্রহব্যক্তকরণ আহ্বানকারী কূর্তপক্ষের নাম ও ঠিকানা	:	প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প, কক্ষ নং- ১৩০৭, জাতীয় স্কাউট ভবন (১৩ তম তলা), ৬০ কাকরাইল, ঢাকা-১০০০, ফোন: ০২২২৬৬৬৪৪৩৮, ইমেইল: nurlaminahid@gmail.com।
(৪)	ক্রয়/সংগ্রহ পদ্ধতি	:	গুণগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি (QCBS)
(৫)	বাজেট এবং অর্থের উৎস	:	উন্নয়ন খাত (সরকারি)
(৬)	কাজের নাম	:	“১৯৭১ সালে মুক্তিযুদ্ধে সংঘটিত গণহত্যা বিষয়ক গবেষণা” সম্পাদন।
(৭)	আগ্রহব্যক্তকরণ আবেদন গ্রহণের শেষ তারিখ ও সময়	:	২৬/০৪/২০২৩ দুপুর ০২:০০ টা পর্যন্ত
(৮)	গবেষণা কাজের সংক্ষিপ্ত বিবরণ	:	১৯৭০ সালের ৭ ডিসেম্বর সাধারণ নির্বাচনে বঙ্গবন্ধুর নেতৃত্বে আওয়ামী লীগ প্রাদেশিক আইনসভায় নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। আওয়ামী লীগ এর সরকার গঠন ঠেকাতে প্রেসিডেন্ট ইয়াহিয়া খান সংসদের অধিবেশন ডাকা নিয়ে টালবাহানা শুরু করেন। ১৯৭০ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানে এক ঐতিহাসিক ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার ডাক দেন। এরপর আসে ২৫ মার্চ ১৯৭১ সাল। রাতের অন্ধকারে নিরীহ নিরস্ত্র বাঙালির উপর শকুনের মতো ঝাঁপিয়ে পড়ে পাকিস্তানি সেনারা; শুরু করে অপারেশন ‘সার্চ লাইট’ নামে ইতিহাসের জঘন্যতম হত্যাকাণ্ড। এরপর দেশকে শত্রুমুক্ত করার লক্ষ্যে বাংলাদেশ সরকার সশস্ত্র যুদ্ধে জড়িয়ে পড়ে। পাকিস্তানি বাহিনী এবং তাদের দোসররা মুক্তিকামী মানুষের উপর জঘন্য এবং পৈশাচিক অত্যাচার ও হত্যাকাণ্ড চালায়। এই নির্মম হত্যাকাণ্ডে ৩০ লক্ষ নিরীহ-নিরপরাধ মানুষ নিহত হয়। সপ্তম হারায় ২ লক্ষ এর অধিক বাংলার নারী। প্রস্তাবিত গবেষণার মাধ্যমে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে সংঘটিত গণহত্যা বিশেষত গণহত্যার সরকারি পরিকল্পনা ও প্রস্তুতি এবং পরিকল্পনা বাস্তবায়ন; গণহত্যার ধরণ ও প্রকৃতি এবং এর ব্যাপ্তি; বঙ্গবন্ধুর শাসনামলে গণহত্যার বিচার প্রক্রিয়া; এবং মুক্তিযুদ্ধকালে ও মুক্তিযুদ্ধ পরবর্তীকালে গণহত্যার প্রভাব এবং আন্তর্জাতিক প্রতিক্রিয়া ইত্যাদি বিষয় তুলে ধরা হবে।
(৯)	গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠানের যোগ্যতা ও অভিজ্ঞতা	:	<b>(ক) প্রয়োজনীয় যোগ্যতা:</b> (১) আগ্রহী গবেষণা/পরামর্শক প্রতিষ্ঠান বা গবেষণা দলের মুখ্য সদস্যদের মুক্তিযুদ্ধ/শান্তি ও যুদ্ধ/ইতিহাস বিষয়ে সফলভাবে কমপক্ষে তিনটি গবেষণাকার্য সম্পাদনের অভিজ্ঞতা; (২) গবেষণা দলের দলনেতা ও উপনেতার মানবিক/কলা/মানবসম্পদ/ইতিহাস/সাহিত্য ও সম্পৃক্ত বিষয়ে ন্যূনতম পোস্ট গ্রাজুয়েশন ডিগ্রি এবং সাত বছরের গবেষণা করার অভিজ্ঞতা; (৩) গবেষণাদলের দলনেতা ও উপনেতার বাংলাদেশের প্রেক্ষিতে গবেষণাকার্য পরিচালনা ও বাস্তবায়নের অভিজ্ঞতা; এবং (৪) গবেষণা দলের মুখ্য সদস্যদের বাংলা ও ইংরেজী ভাষায় মানসম্মত গবেষণা প্রতিবেদন লেখার অভিজ্ঞতা। <b>(খ) অতিরিক্ত যোগ্যতা:</b> (৫) গবেষণা দলের দলনেতা ও উপনেতার মানবিক/কলা/মানবসম্পদ/ইতিহাস/সাহিত্য ও সম্পৃক্ত বিষয়ে পিএইচডি ডিগ্রি; এবং (৬) আগ্রহী গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠান বা গবেষণা দলের মুখ্য সদস্যদের উন্নয়ন সহযোগী বা সরকারি অর্থায়নে পরিচালিত গবেষণাকার্য সম্পাদনের অভিজ্ঞতা।
(১০)	গবেষণা কাজ শুরু ও সমাপ্তির সম্ভাব্য তারিখ	:	শুরু: ০১/০৭/২০২৩ খ্রি., শেষ: ৩১/১২/২০২৩ খ্রি.
(১১)	অন্যান্য বিষয়াদি (প্রয়োজ্য ক্ষেত্রে)	:	আগ্রহব্যক্তকরণ আবেদন একটি বন্ধ খামে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে রাখা হবে। খামের উপর স্পষ্টভাবে লিখতে হবে “১৯৭১ সালে মুক্তিযুদ্ধে সংঘটিত গণহত্যা বিষয়ক গবেষণা সম্পাদনের জন্য আগ্রহব্যক্তকরণ আবেদন”।

বি.দ্র.: কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আগ্রহব্যক্তকরণ আবেদন বা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪.০৪.২০২৩

ড. মোঃ নুরুল আমিন

প্রকল্প পরিচালক (উপসচিব)

বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প